

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২০৪-আইন/২০২৪/৫৬/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১৪ ও ১৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।— (১) এই বিধিমালা ইলেক্ট্রনিক মাধ্যমে দলিল দাখিল, ইলেক্ট্রনিক পেমেন্ট এবং ইলেক্ট্রনিক রেকর্ড সংরক্ষণ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) কাস্টমস আইন, ২০২৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে এই বিধিমালা প্রণয়ন করা প্রয়োজন বিধায়, ইহা ৬ জুন, ২০২৪ তারিখে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “আইন” অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);
- (খ) “ইলেক্ট্রনিক” অর্থ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৯ নং আইন) এর ধারা ২ এর দফা (৩) এ সংজ্ঞায়িত ইলেক্ট্রনিক;
- (গ) “ইলেক্ট্রনিক পেমেন্ট” অর্থ ইলেক্ট্রনিক বা ডিজিটাল মাধ্যমে অর্থ পরিশোধ, এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “ইলেক্ট্রনিক রেকর্ড” অর্থ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (৭) এ সংজ্ঞায়িত ইলেক্ট্রনিক রেকর্ড;
- (ঙ) “ইলেক্ট্রনিক স্বাক্ষর” অর্থ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (১) এ সংজ্ঞায়িত ইলেক্ট্রনিক স্বাক্ষর;

- (চ) “দলিল” অর্থ যে কোনো ঘোষণা, প্রতিবেদন, বিবৃতি, রিটার্ন, আবেদনপত্র, প্রজ্ঞাপন ও প্রাপ্তি স্বীকার পত্রসহ যে কোনো লিখিত তথ্য;
- (ছ) “শুদ্ধ ও কর” অর্থ আইনের ধারা ২ এর দফা (৪৮) এ সংজ্ঞায়িত শুদ্ধ ও কর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। ইলেক্ট্রনিক দলিল ও পেমেন্ট নির্দিষ্টকরণ।— (১) পণ্য ঘোষণা, শুদ্ধায়ন ও পুনঃশুদ্ধায়ন বিধিমালা, ২০২৪ এর বিধি ৪ এ উল্লিখিত সকল দলিল ইলেক্ট্রনিক মাধ্যমে গ্রহণ করা যাইবে।

(২) আমদানি বা রপ্তানি পণ্য সংশ্লিষ্ট শুদ্ধ ও কর এবং সুদ ও চার্জসহ অন্যান্য ফি ইলেক্ট্রনিক পেমেন্ট সিস্টেমের মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

৪। অনুমতি প্রদান।— (১) কোনো ব্যক্তি বিধি ৩ এ নির্দিষ্টকৃত দলিল ইলেক্ট্রনিক পদ্ধতিতে দাখিল বা পেমেন্ট করিবার উদ্দেশ্যে অনুমতি প্রদানের জন্য কমিশনার অব কাস্টমস এর নিকট আবেদন করিবেন।

(২) কমিশনার অব কাস্টমস, উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর, সন্তুষ্ট হইলে আবেদন মঞ্জুর করিতে পারিবেন বা সন্তুষ্ট না হইলে নামঞ্জুর করিয়া উক্ত বিষয়টি আবেদনকারীকে অবহিত করিবেন।

৫। অনুমতি স্থগিত বা বাতিল।— কমিশনার অব কাস্টমস তাহার এখতিয়ারাধীন ক্ষেত্রে যে কোনো সময়ে যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, কোনো ব্যক্তি—

- (ক) বিধি ৪ এর অধীন প্রদত্ত অনুমতির কোনো শর্ত প্রতিপালনে ব্যর্থ হইয়াছেন;
- (খ) কারিগরি আবশ্যিকতা এবং নিরাপত্তা সম্পর্কিত কোনো বিধান পরিপালনে ব্যর্থ হইয়াছেন অথবা নিরাপত্তা লঙ্ঘন করিয়াছেন বা লঙ্ঘনের চেষ্টা করিয়াছেন; অথবা
- (গ) আইনের অধীন কাস্টমস কম্পিউটার সিস্টেমে অনধিকার প্রবেশ বা হস্তক্ষেপ সম্পর্কিত কোনো অপরাধে সাজাপ্রাপ্ত হইয়াছেন,

তাহা হইলে তিনি, কারণ উল্লেখপূর্বক, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে লিখিত নোটিশ প্রদান এবং শুনানির যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া তাহার অনুকূলে প্রদত্ত অনুমতি স্থগিত বা বাতিল করিতে পারিবেন।

৬। ইলেকট্রনিক রেকর্ড সংরক্ষণ।— বোর্ড, কাস্টমস কম্পিউটার সিস্টেমে রাখিলকৃত, প্রসেসকৃত ইলেকট্রনিক রেকর্ড ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের জন্য সংরক্ষণ করিবে।

৭। ইলেকট্রনিক মাধ্যমে দলিল রাখিল এবং ইলেকট্রনিক পেমেন্ট রাখিলের সময়, স্থান ও পদ্ধতি।— (১) এই বিধির উদ্দেশ্যপূরণকল্পে, বিধি ৪ এর অধীন অনুমতিপ্রাপ্ত কোনো ব্যক্তি যদি কোনো কাস্টমস কম্পিউটার সিস্টেমে ইলেকট্রনিক পদ্ধতিতে কোনো দলিল রাখিল বা পেমেন্ট কার্যকর করেন, তাহা হইলে তাহা যথাযথভাবে রাখিল বা প্রেরণ করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) কমিশনার অব কাস্টমস, বিশেষ পরিস্থিতিতে, ইলেকট্রনিক পদ্ধতিতে কোনো পণ্য ঘোষণা প্রেরণ করিয়াছেন এইরূপ কোনো আমদানিকারক, বা ক্ষেত্রমত, রপ্তানিকারক বা তদ্ব্যবস্থাপক ক্ষমতাপ্রাপ্ত এজেন্টকে যথাযথভাবে স্বাক্ষরিত কাগজে প্রদত্ত পণ্য ঘোষণা, বোর্ড কর্তৃক প্রয়োজনীয় বলিয়া বিবেচিত তথ্য ও দলিলাদি যথাযথ কর্মকর্তার নিকট রাখিলের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৩) বোর্ড, ইলেকট্রনিক মাধ্যমে শুল্ক ও কর, ফি ইত্যাদি পরিশোধের পদ্ধতি নির্ধারণ করিবে।

(৪) ইলেকট্রনিক পেমেন্ট সংশ্লিষ্ট তফসিলি ব্যাংক ও MFS (Mobile Financial Services) প্রতিষ্ঠানসমূহের তালিকা এবং তাহাদের সহিত যোগাযোগের নম্বর বোর্ড কর্তৃক, সময় সময়, প্রকাশ করা হইবে।

৮। স্বয়ংক্রিয় (automated) সিদ্ধান্ত এবং তথ্য প্রদানের বৈধতা।— আইন বা এই বিধি অনুযায়ী বোর্ড বা কাস্টমস কর্মকর্তা কর্তৃক কোনো সিদ্ধান্ত জারি বা তথ্য প্রদান বা কার্যক্রম গ্রহণ করিবার ক্ষেত্রে, কোনো কাস্টমস কম্পিউটার সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে উদ্ভূত উক্ত সিদ্ধান্ত বা তথ্য বা কার্যক্রমের ইলেকট্রনিক রেকর্ড, বোর্ড বা উক্ত কাস্টমস কর্মকর্তা কর্তৃক জারিকৃত সিদ্ধান্ত বা প্রদত্ত তথ্য বা গৃহীত কার্যক্রম বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।